বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

বিষয়ঃ প্রধান কার্যালয়ের গবেষণা ও মান নিয়ন্ত্রণ (গমানি) বিভাগের কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ।

গবেষণা শাখা

(ক) অপ্রচলিত/ডাইভারসিফাইড পাটপণ্যের স্পেসিফিকেশন নির্ণয় ও মূল্য নির্ধারণ :

- দেশী/বিদেশী ক্রেতার নিকট হতে প্রাপ্ত ও বিপণন বিভাগের মাধ্যমে প্রেরিত অপ্রচলিত/ডাইভারসিফাইড পাট পণ্যের স্পেসিফিকেশন ও মূল্য নির্ধারণ, প্রাপ্ত নমুনার ন্যায় প্রতি নমুনা প্রস্তুত ও সরবরাহ।

(খ) অপ্রচলিত/ডাইভারসিফাইড পাটপণ্যের নমুনা তৈরী ও সরবরাহ :

- অপ্রচলিত/ডাইভারসিফাইড পাট পণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে দেশে/বিদেশে বিভিন্ন মেলায় প্রদর্শন ও বিক্রয় ; সরকারী উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল কর্তৃক বিদেশ সফরকালে বিভিন্ন কূটনীতিবিদ, ব্যবসায়ী এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়সহ বিজেএমসিতে আগত উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, দেশী/বিদেশী ক্রেতাদের উপহার হিসেবে প্রদানের জন্য অপ্রচলিত/ডাইভারসিফাইড পাট পণ্যের নমুনা প্রস্তুত ও সরবরাহ।

(গ) অপ্রচলিত/ডাইভারসিফাইড পাটপণ্যের বিক্রয় কার্যক্রম :

- দেশের অভ্যন্তরে বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের চাহিদা ও তাদের নির্ধারিত লোগো সম্বলিত বিভিন্ন ধরনের ডাইভারসিফাইড পাট পণ্য যেমন : শপিং ব্যাগ, অফিস ব্যাগ, ফোল্ডার, ফাইল কভার, ক্যালেন্ডারসহ বিভিন্ন ধরনের নমুনা তৈরী করে ক্রেতার অনুমোদন গ্রহণ ও বিক্রয় কার্যক্রম সম্পন্ন করা ও বাণিজ্যিকভাবে পণ্য উৎপাদনের নিমিত্ত মিলকে কারিগরী সহায়তা প্রদান।

(ঘ) গবেষণামূলক কর্মকান্ডে অংশগ্রহণ :

- বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান যেমন-বিজেআরআই, বিসিএসআইআর এ বিভিন্ন গবেষনামূলক কর্মকান্ডে অংশগ্রহণ এবং গবেষণালব্ধ ফলাফল প্রয়োগে মিলসমূহকে কারিগরী সহায়তা প্রদান।

(ঙ) জুট জিও টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পণ্য উৎপাদন ও সরবরাহ :

- বিজেএমসি, জেডিপিসি ও বুয়েট এর তত্ত্বাবধানে বিভিন্ন প্রকল্পে জুট জিও-টেক্সটাইল ব্যবহারের জন্য চাহিদা মোতাবেক পণ্য উৎপাদন ও সরবরাহ করা। তাছাড়া, জুট জিও-টেক্সটাইল এর স্থায়ীত্বকাল বৃদ্ধির জন্য বিজেআরআই কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তির মাধ্যমে জিও-টেক্সটাইল ট্রিটমেন্টকরণ।

(চ) ভেজিটবেল বেইজড পামওয়েল দ্বারা আইজেও ষ্ট্যান্ডার্ড ৯৮/০১ অনুযায়ী-পণ্য উৎপাদন ও সরবরাহ করা :

- জেবি ওয়েল এর পরিবর্তে ক্রেতার চাহিদা মোতাবেক ভেজিটেবল বেইজড পামওয়েল দ্বারা ফুডগ্রেড জুট ব্যাগ উৎপাদন, ফুডগ্রেড পণ্যে আনসেপোনিফায়েবল ম্যাটার এর সর্বোচ্চ মাত্রা ১২৫০ পিপিএম নিশ্চিত করা, উৎপাদিত পণ্য পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে পিপিএম এর মাত্রা নির্ধারণ ও এর ফলাফল মিলকে সরবরাহ করা এবং ফুডগ্রেড পণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে ক্রেতার চাহিদা অনুযায়ী মিল হতে নমুনা ব্যাগ সংগ্রহ ও সরবরাহ নিশ্চিত করা।

২৪/৭/১৯
(মানিক চন্দ্র সরকার)
উপ-ব্যবস্থাপক (উঃ)
গবেষণা বিভাগ
বিজেএমসি

(মোঃ রুহুল ইসলাম) ২৪/৭
ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ)
ও
গবেষণা বিভাগের অতিরিক্ত দায়িত্বে।

D/ My doc/ Activites of RQC H.Office

মান নিয়ন্ত্রণ শাখা

(ক) মিল পরিদর্শন, তদারকি ও পরামর্শ প্রদান :

- উৎপাদিত পাট পণ্যের গুনগত মান বজায় রাখার লক্ষ্যে নিয়মিত মিল পরিদর্শন, উৎপাদনের প্রতিটি স্তরে তদারকিকরণ, পণ্যের ত্রুটি-বিচ্যুতি শনাক্তকরণ এবং মিলের মান নিয়ন্ত্রণ বিভাগের কর্মকান্ড বিশ্লেষন, সমন্বয় সাধন ও পরামর্শ প্রদান।

(খ) টেষ্টিং ল্যাবরেটরিতে পাট পণ্যের পরীক্ষা ও বিশ্লেষন এবং স্পেসিফিকেশন নির্ণয় :

- দেশী/বিদেশী ক্রেতা এবং মিল হতে প্রাপ্ত নমুনা পণ্যের স্পেসিফিকেশন নির্ণয় এবং পণ্যের উজ্জ্বলতা, শক্তি ও সুতার শক্তি, টিপিআই, কাউন্ট ইত্যাদি নির্ণয়।

(গ) ক্রেতার চাহিতব্য স্পেসিফিকেশন মোতাবেক নমুনা তৈরী ও অনুমোদন গ্রহণ :

- বিভিন্ন স্থানীয় ক্রেতা যেমন : খাদ্য অধিদপ্তর, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন, বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন, বিসিআইসি ইত্যাদি প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত নমুনা পণ্যের স্পেসিফিকেশন অনুমোদন গ্রহণ। তাছাড়া, বিভিন্ন বিদেশী ক্রেতাগনের চাহিদা মোতাবেক নমুনার ন্যায় প্রতি নমুনা তৈরী।

(ঘ) পাটের গুনগত যাচাইমান ও আর্দ্রতা পরীক্ষা :

- পাট মৌসুমে বিভিন্ন এজেন্সীতে ক্রয়কৃত পাটের যাচাইমান ও কাঁচা পাটের আর্দ্রতা পরীক্ষণ।

(ঙ) মান নিয়ন্ত্রণ কার্যক্রম পর্যালোচনা :

- মিল হতে প্রাপ্ত পাটের আর্দ্রতা প্রতিবেদন, মাসিক মান নিয়ন্ত্রণ প্রতিবেদন এবং প্রি-শিপমেন্ট সার্ভে প্রতিবেদন পর্যালোচনা করে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন এবং মিলকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

(চ) পণ্যের সার্ভেকরণ :

- দেশী/বিদেশী ক্রেতার চুক্তি মোতাবেক মিলসমূহে উৎপাদিত পাট পণ্যের প্রি-ডেলিভারী ও প্রি-শিপমেন্ট সার্ভে করা এবং এনালাইসিস/কোয়ালিটি সার্টিফিকেট প্রদান করা, যেমন : সিরিয়া, সুদান, দুবাই ও স্থানীয় ক্রেতা খাদ্য বিভাগ, বিএডিসি ইত্যাদি দেশী/বিদেশী ক্রেতা প্রতিষ্ঠান । তাছাড়া, মিল সমূহে মজুদকৃত অডলট/ড্যামেজ পণ্য/জুট ক্যাডিস স্থানীয় বাজারে বিক্রয়ের নিমিত্ত সার্ভে কমিটি গঠন।

(ছ) ক্রেতার নিকট হতে প্রাপ্ত অভিযোগ/দাবী তদন্তপূর্বক কার্যক্রম গ্রহণ :

- বিক্রিত পণ্যের ক্রেতা কর্তৃক উত্থাপিত অভিযোগ তদন্ত ও পরবর্তী কার্যক্রম গ্রহণ। তাছাড়া, কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন বিভাগীয় তদন্ত কমিটিতে কাজ করা ।

(জ) বিএসটিআইসহ বিভিন্ন প্রতিষ্ঠানের সভা সেমিনারে প্রতিনিধিত্বকরণ :

- বিএসটিআই কর্তৃক বিভিন্ন পাটপণ্যের আদর্শ মান নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটিতে প্রতিনিধিত্বকরণ। তাছাড়া, পাট অধিদপ্তর, জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিজেআরআই ইত্যাদি প্রতিষ্ঠান হতে গঠিত কমিটির সদস্য হিসেবে বিভিন্ন কার্যক্রম/সভা সেমিনারে অংশগ্রহণ ।

Farhana
28/9/22
ফারহানা আক্তার
উপ-ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ)
বিজেএমসি, ঢাকা ।

মোঃ রুহুল ইসলাম
ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ)
বিজেএমসি, ঢাকা